



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



৩৬.০৫.০০০০.৪০১.৫৭.০০১.১৯ / ২০২১

তারিখ : ১০.০৩.২০১৯খ্রিঃ

সভাপতি/সাধারণ সম্পাদক
ইসলামপুর বস্ত্র ব্যবসায়ী সমিতি
ইসলামপুর, ঢাকা।

বিষয় : কাপড় কেনা-বেচাসহ দৈর্ঘ্য পরিমাপে গজ, ফুট, গিরার পরিবর্তে বাধ্যতামূলভাবে মিটার, সেন্টিমিটার ব্যবহার প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কাপড় কেনা-বেচায় বাধ্যতামূলভাবে মেট্রিক পদ্ধতি তথা মিটার ব্যবহারের জন্য গত ০৯.০৮.২০১৭ খ্রি: তারিখে ইসলামপুর বস্ত্র ব্যবসায়ী সমিতি ও বিএসটিআই'র মধ্যকার সভার কতিপয় সিদ্ধান্তসমূহ নিম্নে দেয়া হলো :

- ‘সিদ্ধান্ত নং: ০২ - বিএসটিআই গজের সাথে মিটারের কনভারসন চার্ট প্রস্তুত করে ইসলামপুর ব্যবসায়ী সমিতিতে দিবেন। সমিতি সকল দোকানদারদের কাছে উহা বিলির ব্যবস্থা নিবে।’
- ‘সিদ্ধান্ত নং : ০৩- সেপ্টেম্বর’১৭ মাসের ১৫ তারিখের পর ইসলামপুর ব্যবসায়ী সমিতির সকল সদস্য কাপড় বিক্রির পরিমাণ মিটারে উল্লেখপূর্বক ক্যাশমেমো প্রদান করবেন। বাকী দোকানদারগণও যাতে মেট্রিক পদ্ধতি অনুসরণ করে তার জন্য সমিতি মাইকিং /ডোল –সহরতের মাধ্যমে প্রচার কাজ চালাবে।’
- ‘সিদ্ধান্ত নং : ০৪- টেক্সটাইল মিল মালিক সমিতি যাতে তাদের উৎপাদিত গ্রে-কাপড় মিটারে বিক্রি করে এবং কাপড়ের থানের পরিমাণ বা দৈর্ঘ্য এবং প্রস্থ(বহর) মিটারে উল্লেখ করে তার জন্য পত্র প্রদান করা হবে।’
- ‘সিদ্ধান্ত নং : ০৬- সাধারণ জনগণ/ব্যবসায়ী যাতে মিটারে কাপড় কেনাবেচা করে তার জন্য দৈনিক পত্রিকায় সতর্কীকরণ বিজ্ঞপ্তি দেয়া হবে।’
- ‘সিদ্ধান্ত নং : ০৭- দোকানে যাতে গজ কাঠি না থাকে এবং শুধুমাত্র মিটার কাঠি থাকে সে জন্য ইসলামপুর বস্ত্র ব্যবসায়ী সমিতি ব্যবস্থা নিবে।’

উক্ত সিদ্ধান্তসমূহের মধ্যে সিদ্ধান্ত নং-০২ অনুযায়ী গজের সাথে মিটারের কনভারসন চার্ট প্রস্তুত করে ইতোমধ্যে ইসলামপুরসহ সারাদেশে কাপড়ের দোকানদারগণের নিকট বিলি করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সিদ্ধান্ত-৪ অনুযায়ী টেক্সটাইল মিল মালিক সমিতির সাথে আলোচনা অব্যাহত রয়েছে। সিদ্ধান্ত নং : ০৬ অনুযায়ী গত ০৮.০৬.২০০৬, ০৭.০৫.২০০৭, ০৬.০৯.২০১২, ১৩.০৯.২০১২, ১৩.০৯.২০১৭, ২৯.১০.২০০৭ ও ০৫.০৩.২০১৮ খ্রিঃ তারিখে কাপড় কেনা-বেচায় গজের পরিবর্তে মিটার ব্যবহার করার জন্য ধারাবাহিকভাবে জাতীয় পত্রিকায় সতর্কীকরণ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। এছাড়াও ঢাকা শহরের বিভিন্ন কাপড় ব্যবসায়ী সমিতিসহ সারা দেশের বিভাগীয়/জেলা কাপড় ব্যবসায়ীকে পত্র প্রেরণসহ মতবিনিময় করা অব্যাহত রয়েছে। এতদসঙ্গেও ঢাকা মহানগরীসহ সারাদেশে কাপড়ের দোকান পরিদর্শনকালে লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু ব্যবসায়ী কাপড় পরিমাপে মিটার ব্যবহার করলেও অধিকাংশ ব্যবসায়ী গজের ব্যবহার অব্যাহত রেখেছেন। অনেক ক্ষেত্রেই মিটার ব্যবহার নিশ্চিত করতে বলা হলেও ঢাকাসহ সারা দেশেই ইসলামপুর থেকে গজে কাপড় ক্রয়ের ক্যাশ মেমো প্রদর্শন করছেন। ফলে কাপড় ব্যবসায়ীরা মিটার ব্যবহারে সচেতন হচ্ছেন না। যা আইনের সুস্পষ্ট লংঘন।

১

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন : ৮৮৭০২৭৫, ৮৮৭০২৭৭, ৯১৩১৫৮২, ৮৮৭০২৭৮, ৮৮৭০২৭৯, ৮৮৭০২৮০, ৮৮৭০২৮১

Fax: 9131581, E-mail: bsti@bangla.net, Website: http://www.bsti.gov.bd



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন


শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



উল্লেখ্য যে, 'ওজন ও পরিমাপ মানদণ্ড আইন, ২০১৮' অনুযায়ী ব্যবসা বা বাণিজ্যে, কোন লেনদেন বা মালামাল সরবরাহের কাজে মেট্রিক পদ্ধতির অনুসরণ ব্যতীত অন্য কোন পদ্ধতির ওজন বা পরিমাপন ব্যবহার করলে তিনি অনূর্ধ্ব ৬(ছয়) মাসের কারাদণ্ড অথবা অনূর্ধ্ব ৫০(পঞ্চাশ) হাজার অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হবেন। যদি কোনো ব্যক্তি পুনরায় একই অপরাধ করেন, তা হলে তিনি উক্ত অপরাধের জন্য সর্বোচ্চ যে দণ্ড রয়েছে উহার দ্বিগুণ দণ্ডে দণ্ডনীয় হবেন।' উক্ত আইনের আওতায় ব্যবসায়-বাণিজ্যের সকল স্তরে ইতোমধ্যে সারাদেশে মেট্রিক পদ্ধতি বাস্তবায়নে ড্রাম্যামান আদালত এবং স্কোয়াড/বিশেষ অভিযানের মাধ্যমে ক্রাশ প্রোগ্রাম এর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, কাপড় কেনা-বেচায় মিটার ব্যবহার নিশ্চিতকরণে বিএসটিআই এবং আপনার সমিতির দ্বিপক্ষীয় সভার সিদ্ধান্ত মোতাবেক ক্যাশ মেমোতে কাপড়ের পরিমাপ মিটারে উল্লেখপূর্বক ক্যাশ মেমো প্রদান করাসহ প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায় উক্ত আইন লংঘনকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

জনস্বার্থে এ ব্যাপারে আপনার সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।


(মোঃ নূরুজ্জামান হোসাইন)
মহাপরিচালক

অনুলিপি: (প্রয়োজনীয় কার্যার্থে)

- ১। পরিচালক, বিএসটিআই আঞ্চলিক অফিস, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।
- ২। উপপরিচালক, বিএসটিআই বিভাগীয়/আঞ্চলিক অফিস, ঢাকা/সিলেট/বরিশাল।
- ৩। সহকারী পরিচালক/উর্ধ্বতন পরীক্ষক, বিএসটিআই জেলা অফিস, রংপুর/কুমিল্লা/ফরিদপুর।
- ৪। অফিস প্রধান, জেলা অফিস, কক্সবাজার।
- ✓ ৫। প্রোগ্রামার, আইসিটি সেল, বিএসটিআই, ঢাকা।

অনুলিপি:(সদয় অবগতির জন্য)

- ১। সচিব, শিল্প মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শিল্প ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ২। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল বা/এ, ঢাকা।

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন : ৮৮৭০২৭৫, ৮৮৭০২৭৭, ৯১৩১৫৮২, ৮৮৭০২৭৮, ৮৮৭০২৭৯, ৮৮৭০২৮০, ৮৮৭০২৮১

Fax: 9131581, E-mail: bsti@bangla.net, Website: http://www.bsti.gov.bd